# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ভূগোল: দ্বিতীয় পত্র** — বিষয় কোড : ১ ২ ৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ আদি থেকে বর্তমান কাল পর্যন্ত ব্যবসা-বাণিজ্য বিভিন্ন দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলছে। মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের চাহিদা মেটানোর জন্য ক্রয়-বিক্রয়ের মধ্য দিয়ে বাণিজ্যের উদ্ভব হয়। পৃথিবীর বিভিন্ন দেশের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক রয়েছে।

ক. বৈদেশিক বাণিজ্য কী? ১

খ. বাংলাদেশের অপ্রচলিত রপ্তানিপণ্যগুলোর নাম লিখ। ২

গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের রপ্তানি বাণিজ্যসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যবসা-বাণিজ্য কতটুকু গুরুত্বপূর্ ভূমিকা রাখে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ বাংলাদেশের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এই বাড়তি জনসংখ্যার চাপের ফলে ঢাকা শহরে দিন দিন কলকারখানা এবং যানবাহনের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এতে প্রচুর শব্দের সৃষ্টি হচ্ছে। ঢাকায় আন্তর্জাতিক বিমানবন্দর থাকায় বিমান ওঠানামার সময়ও প্রচুর শব্দের সৃষ্টি হয়।

ক. CFC কী? ১

খ. পানি দূষণের মানবসৃষ্ট তিনটি কারণ লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত দূষণ রোধের উপায়গুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দূষণ রোধের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৩.** ▶ পৃথিবীর বিভিন্ন দেশের মানুষের জীবন-যাপন, পোশাক-পরিচ্ছদ, চিন্তাধারা, আচার-আচরণ, খাদ্যগ্রহণ প্রভৃতি ক্ষেত্রে পার্থক্য লক্ষ করা যায়। অঞ্চলভেদেও ভাষা, অর্থ, শিক্ষা প্রভৃতির ক্ষেত্রে পার্থক্য পরিলক্ষিত হয়।

ক. প্রশান্ত মহাসাগরের দ্বীপসমূহ কোন মহাদেশের অন্তর্ভুক্ত? ১

খ. ডোমেনিয়াম রাষ্ট্রগুলো কী কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলো ভূগোলের কোন কোন ক্ষেত্রে আলোচনা করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত বিষয়গুলো মানবজীবনে কতটুকু প্রয়োজন বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৪.▶ ঢাকা থেকে সিলেটগামী বাসের সাথে একটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে বিশ জন মারা যায়। প্রতি বছরই এ রকম বিভিন্ন কারণে মানুষ মারা যাচ্ছে যার হিসাব একটি নির্দিষ্ট বছরে শতকরা বা হাজারে পাওয়া যায়।

ক. ওয়ারেন থমসন জনমিতিক ট্রানজিশনাল মডেলকে কয়টি ধাপে আলোচনা করেন? ১

খ. জনসংখ্যার ঘনত্ব বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কারণে জনসংখ্যা কী পরিবর্তন ঘটে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি কী কী বিষয় দ্বারা প্রভাবিত হতে পারে বলে তুমি মনে কর? উত্তরের পক্ষে মতামত দাও। ৪

৫.▶ রনি একজন সাধারণ কৃষক। তার বাড়ির নিকটস্থ বাজারে সপ্তাহে দুই দিন ধান, পাট ও অন্যান্য ফসল দ্রব্যটি ক্রয় বিক্রয় হয় যে ধান পাট ও অন্যান্য ফসল এই বাজারে বিক্রি করে।

ক. বাংলাদেশে বিভাগীয় শহর কয়টি? ১

খ. গ্রামীণ হাট-বাজার গড়ে ওঠার কারণসমূহ লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাজারটি রনির নিকট কতটুকু গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ধরণ অনুযায়ী গ্রামীণ হাটের বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। ৪

৬.▶ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা গবেষণা করে দেখে যে, বিশ্বের প্রায় ৭০% চা এশিয়া মহাদেশে উৎপন্ন হয়। অধিকাংশ চা বাগান এশিয়া মহাদেশের মৌসুমি এবং নিরক্ষীয় জলবায়ু অঞ্চলের পার্বত্য এলাকায় দেখা যায়।

ক. বিশ্বের প্রধান ধান উৎপাদনকারী দেশ কোনটি? ১

খ. আমেরিকার প্রেইরি অঞ্চলকে 'রুটির ঝুড়ি' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ফসল উৎপাদনে আর্থ-সামাজিক নিয়ামকসমূহ কী কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত ফসলটি জন্য বাংলাদেশের জলবায়ু কতটুকু উপযোগী? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট　　　　পূর্ণমান — ৩৫　　　　বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. মানবীয় ভূগোলের শাখা নয় কোনটি?
ⓚ অর্থনৈতিক ভূগোল ⓚ রাজনৈতিক ভূগোল
ⓖ সমাজ ভূগোল ⓖ প্রাকৃতিক ভূগোল

২. বাংলাদেশ পোশাক রপ্তানি করে—
i. যুক্তরাষ্ট্র　ii. জার্মানি
iii. ফ্রান্স
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚ i ও iii
ⓖ ii ও iii　ⓖ i, ii ও iii

৩. কোন মহাদেশের আয়তন ৯৯ লক্ষ ২৮ হাজার ৫৯৯ বর্গকি.মি.?
ⓚ এশিয়া　ⓚ আফ্রিকা
ⓖ ইউরোপ　ⓖ ওশেনিয়া

৪. ভারতে মোট কয়টি অঙ্গরাজ্য?
ⓚ ২৮　ⓚ ২৯
ⓖ ২৭　ⓖ ২৬

৫. বাংলাদেশের অপ্রচলিত পণ্যগুলো হচ্ছে—
i. হিমায়িত চিংড়ি　ii. কাঁচা পাট
iii. হস্তশিল্পজাত দ্রব্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚ i ও iii
ⓖ ii ও iii　ⓖ i, ii ও iii


৬. বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত?
ⓚ ২.৩৭%　ⓚ ১.৩৭%
ⓖ ৩.৩৭%　ⓖ ৪.৩৭%

৭. বাংলাদেশে শহরে বসবাসকারী জনসংখ্যা কত?
ⓚ ২০.৯%　ⓚ ২৩.৫%
ⓖ ২৮.৯%　ⓖ ৩০.৯%

৮. ঢাকা জেলার জনসংখ্যার ঘনত্ব কত?
ⓚ ৫৩৩২ জন বর্গকি.মি.
ⓚ ৬৩৩২ জন বর্গকি.মি.
ⓖ ৮২৩২ জন বর্গকি.মি.
ⓖ ৭২৩২ জন বর্গকি.মি.

৯. নাতি নিবিড় বসতি অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব কত?
ⓚ ১-৫০০ জন/ ০ কি.মি.
ⓚ ৫০১-১০০০ জন/ ০ কি.মি.
ⓖ ১০০১-১৫০০ জন/ ০ কি.মি.
ⓖ ১৫০১-২০০০ জন/ ০ কি.মি.

১০. নিচের চিত্রটি কোন ধরনের বসতি নির্দেশ করে?



ⓚ রৈখিক বসতি　ⓚ বিক্ষিপ্ত বসতি
ⓖ কেন্দ্রীভূত বসতি　ⓖ নিবিড় বসতি

১১. হাটবাজার গড়ে ওঠার প্রাকৃতিক কারণ নয় কোনটি?
ⓚ ভূ-প্রকৃতি　ⓚ নদ-নদী
ⓖ উঁচু ভূমি　ⓖ প্রতিষ্ঠান

১২. বাংলাদেশের উপকূলীয় একটি পর্যটন শহর—
ⓚ কক্সবাজার　ⓚ ঢাকা
ⓖ বরিশাল　ⓖ ময়মনসিংহ

১৩. জীবনধারণের জন্য মানুষের প্রথম ও প্রধান চাহিদা কী?
ⓚ বিশুদ্ধ পানীয় জল ⓚ বাসস্থান
ⓖ বস্ত্র　ⓖ শিক্ষা

১৪. গম উৎপাদনে প্রথম কোন মহাদেশ?
ⓚ এশিয়া　ⓚ ইউরোপ
ⓖ আফ্রিকা　ⓖ আমেরিকা

১৫. পৃথিবীর প্রধান আখ উৎপাদনকারী দেশ কোনটি?
ⓚ ভারত　ⓚ ব্রাজিল
ⓖ আফ্রিকা　ⓖ থাইল্যান্ড

১৬. চা রপ্তানিকারক দেশের মধ্যে প্রথম কোনটি?
ⓚ চীন　ⓚ ভারত
ⓖ কেনিয়া　ⓖ শ্রীলঙ্কা

১৭. বড় বড় বাগিচা তৈরি করে বাণিজ্যিক প্রয়োজনে যে কৃষিকার্য করা হয় তা হলো—
ⓚ মিশ্র কৃষি　ⓚ বাগিচা কৃষি
ⓖ ট্রাক কৃষি　ⓖ আন্তঃকৃষি

http://teachingbd.com

১৮. জৈব খনিজ কোনটি?
ক) লোহা
খ) ম্যাঙ্গানিজ
গ) জিপসাম
ঘ) কয়লা

১৯. হামাদান কোন দেশের তেল উৎপাদনকারী অঞ্চল?
ক) সৌদি আরব
খ) কুয়েত
গ) আরব আমিরাত
ঘ) ইরান

২০. তেলখনি থেকে যে স্বাভাবিক গ্যাস বের হয় তা হলো—
ক) খনিজ তেল
খ) মিথেন
গ) প্রাকৃতিক গ্যাস
ঘ) হাইড্রোজেন সালফাইড

২১. নিকৃষ্ট শ্রেণির কয়লা কোনটি?
ক) অ্যানথ্রাসাইট
খ) লিগনাইট
গ) বিটুমিনাস
ঘ) পিট

২২. বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাসক্ষেত্র কোনটি?
ক) বাখরাবাদ
খ) হরিপুর
গ) তিতাস
ঘ) ছাতক

২৩. দেশের প্রথম সার কারখানা—
ক) ফেঞ্চুগঞ্জ
খ) ঘোড়াশাল
গ) আশুগঞ্জ
ঘ) পলাশ

২৪. কার্পাস বয়ন শিল্পে ভারত বিশ্বে কততম?
ক) প্রথম
খ) দ্বিতীয়
গ) তৃতীয়
ঘ) চতুর্থ

২৫. বাংলাদেশের পোশাক শিল্পে কত শতাংশ নারী শ্রমিক?
ক) ৭০%
খ) ৮০%
গ) ৮৫%
ঘ) ৯০%

২৬. বাংলাদেশের পোশাক রপ্তানি হয় বেশি কোন দেশে?
ক) জার্মানি
খ) ফ্রান্স
গ) USA
ঘ) UK

২৭. বাংলাদেশের পরিবহন ব্যবস্থাকে ভাগ করা হয়েছে কয় ভাগে?
ক) ২
খ) ৩
গ) ৪
ঘ) ৫

২৮. বাংলাদেশে রেলওয়ে স্টেশন কয়টা?
ক) ৩৯০টি
খ) ৪৯০টি
গ) ৩৯৯টি
ঘ) ৪৯৯টি

২৯. বর্তমানে বাংলাদেশ বিমান বহরে মোট কয়টি উড়োজাহাজ রয়েছে?
ক) ১০টি
খ) ১৩টি
গ) ১২টি
ঘ) ২০টি

৩০. বর্তমানে রপ্তানিকারক দেশের মধ্যে ১ম কোনটি?
ক) চীন
খ) USA
গ) জার্মানি
ঘ) জাপান

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও:**

রাহাত আলী সাহেব একজন শিল্প উদ্যোক্তা। তিনি বাংলাদেশে যুদ্ধপরবর্তী সময়ে সম্পূর্ণ ব্যক্তিগত প্রচেষ্টায় একটি তৈরি পোশাক প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন যা বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে।

৩১. বাংলাদেশে কত সালে বেসরকারি শিল্প উদ্যোক্তার প্রচেষ্টায় তৈরি পোশাক প্রতিষ্ঠান শিল্পের যাত্রা শুরু হয়?
ক) ১৯৭২ সালে
খ) ১৯৭৫ সালে
গ) ১৯৭৮ সালে
ঘ) ১৯৭৯ সালে

৩২. রাহাত আলী সাহেবের প্রতিষ্ঠান বৈদেশিক মুদ্রা অর্জন ছাড়াও যে ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছে—
i. অনগ্রসর মহিলাদের কর্মসংস্থান
ii. রপ্তানি বাণিজ্যের উন্নয়নে
iii. নিজের কর্মসংস্থান

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩৩. দূষণ কয় প্রকার?
ক) ১
খ) ২
গ) ৩
ঘ) ৪

৩৪. যানবাহন থেকে বেশি নির্গত হয়—
ক) কার্বন মনোক্সাইড
খ) সালফার ডাইঅক্সাইড
গ) জলীয়বাষ্প
ঘ) হিলিয়াম

৩৫. দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের ১ম ধাপ কোনটি?
ক) পূর্ব প্রস্তুতি
খ) সাড়াদান
গ) পুনরুদ্ধার
ঘ) প্রশমন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | গ |
| | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | ক | | | | | | | | | | |

Teachingbd.com
http://teachingbd.com